

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১, ২০১৮

৩য় খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত প্রজ্ঞাপনসমূহ।

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৭ আশ্বিন ১৪২৫/২ অক্টোবর ২০১৮

নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৭১.১৮-৩৪১—বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত অফিসার-কে তাঁর নামের পার্শ্বে বর্ণিত বিধি অনুযায়ী কর্তনসহ বাংলাদেশ আর্মি এ্যাক্ট সেকশন-১৮, আর্মি এ্যাক্ট রুলস্ ১২(১), আর্মি রেগুলেশন্স (বুলস) ২৬১, আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৯ এবং কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন-১৯৮১, বুল ১৬ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে স্বেচ্ছামূলক (অকালীন) অবসর প্রদান করা হলো :

১	২	৩
ক্র/নং	আর্মি নম্বর, পদবি ও নাম	বিধি অনুযায়ী কর্তনের হার
১	বিএসএস-১০১৭২১ মেজর অশ্রুতা রায়, এএমসি	ক) অফিসার চাকরির ৫(পাঁচ) বছরের কম সময়ের মধ্যে অকালীন (স্বেচ্ছায়) অবসরগ্রহণের কারণে তাঁর জন্য কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন ১৯৮১, বুল-১৬ প্রযোজ্য হবে। খ) উক্ত কর্মকর্তা ২১ জানুয়ারি ২০১৫ থেকে ৫ ফেব্রুয়ারি ২০১৫ তারিখ পর্যন্ত 'বিএমএ শর্ট সার্ভিস কমিশন কোর্স (বিএমটিসি-৮)' সম্পন্নের ৪র্থ বর্ষের মধ্যে স্বেচ্ছামূলক (অকালীন) অবসরের আবেদন করায় আর্মি রেগুলেশন্স (বুলস) ২৫৭-এর এ্যাপেনডিক্স-'এইচ' অনুযায়ী তাঁকে ২০,০০০/- (বিশ হাজার) টাকা সরকারি কোষাগারে জমা করতে হবে।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৪৩.১৩-৩৪২—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-৫৬৭৯ মেজর মোঃ নুরুল আমিন হেলাল, এইসি-কে বাংলাদেশ আর্মি এ্যাক্ট সেকশন-১৮, আর্মি রেগুলেশন্স (বুলস) ১৯৬, ২৫৩ (সি) (ii), ২৫৭, ২৬১ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৮ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনী চাকরি থেকে মিলিটারি সেক্রেটারি (এমএস) অপশনের মাধ্যমে অকালীন অবসর প্রদান করা হলো।

২। প্রচলিত বিধি অনুযায়ী তিনি অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ ফরহাদ হোসেন

সহকারী সচিব।

প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/০৪ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নং ২৩.০০.০০০০.০৭০.১২.০০৮.১৪.৩৪৪—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ সমরাজ্জ কারখানার উপসহকারী প্রকৌশলী, জনাব নাদিম হোসেন (২০৩১) শিক্ষানবিশকাল সন্তোষজনকভাবে সম্পন্ন করায় তাঁকে ১৫ ফেব্রুয়ারি ২০১৬ তারিখ থেকে চাকরিতে স্থায়ী করা হলো।

নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৪৭.১৭.৩৪৮—বাংলাদেশ বিমানবাহিনীর এয়ার অফিসার গ্রুপ ক্যাপ্টেন (বর্তমানে এয়ার কমডোর) কাজী আব্দুল মঈন (বিডি/৮-২৪৭), শিক্ষা-এর ৩১ জুলাই ২০১৮ তারিখের ২৭৫ নম্বর প্রজ্ঞাপনের ক্রমিক নং-৬ এর অবসর আদেশের অংশটুকু বাতিল করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারাহ শাম্মী

উপসচিব।

প্রজ্ঞাপন

তারিখ : ২৫ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/১০ অক্টোবর ২০১৮ খ্রিস্টাব্দ

নং ২৩.০০.০০০০.০৬০.৬৯.০০১.১৮.৪০৩—বাংলাদেশ নৌবাহিনীর কমান্ডার মোহাম্মদ মামুনুর রেজা ইবনে আবেদীন, (এক্স), বিএন (পি নং ১০৩৮)-কে নৌ প্রবিধান ১৯৮১-এর অনুচ্ছেদ ০৮০১(সি) অনুযায়ী বিধি মোতাবেক প্রাপ্য সুবিধাসহ বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বেচ্ছা অবসর প্রদান করা হলো।

২। উল্লিখিত কর্মকর্তার নিকট সরকারি কোন পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

শাহ আবদুল আলীম খান
যুগ্মসচিব।

প্রজ্ঞাপন

তারিখ : ২২ আশ্বিন ১৪২৫/০৭ অক্টোবর ২০১৮

নং ২৩.০০.০০০০.২২০.১১.০০১.১৬.৫৮৪—নির্দেশক্রমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/সংস্থার ০৪ (চার) টি উন্নয়ন প্রকল্পের 'প্রকল্প পরিচালক' হিসেবে নিম্নোক্ত কর্মকর্তাদের নিয়োগ প্রদান করা হলো। তাঁরা বিধি মোতাবেক ভাতা প্রাপ্য হবেন :

ক্রমিক নং	সুপারিশকৃত প্রকল্প পরিচালকের নাম, বর্তমান পদবি ও কর্মস্থল এবং প্রকল্প পরিচালকের দায়িত্বের প্রকৃতি	প্রকল্পের নাম, মেয়াদ ও প্রাক্কলিত ব্যয়	বাস্তবায়নকারী দপ্তর/ সংস্থার নাম
১	২	৩	৪
১.	বিএন, পি নং-১১৪৫ কমান্ডার আতিকুর রহমান ভূঁইয়া নৌবাহিনী সদর দপ্তর, ঢাকা।	'বানৌজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন' মেয়াদ : জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২১ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয় : ১০৮১.৫০ কোটি টাকা।	নৌবাহিনী সদর দপ্তর, ঢাকা।
২.	বিডি নং-৮৪৩০ গ্রুপ ক্যাপ্টেন এম মোস্তাফিজুর রহমান, বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা।	বিএএফ ঘাটি জহুরুল হক, চট্টগ্রামে বিমানসেনা প্রশিক্ষণ ইনস্টিটিউট স্থাপন। মেয়াদ : জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয় : ২১৯.২৯ কোটি টাকা।	বিমান বাহিনী সদর দপ্তর, ঢাকা।
৩.	বিএ নং-৪২৯২ কর্নেল মোঃ মনিরুজ্জামান সেনাসদর, ইইনসি'র শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা	চট্টগ্রাম আর্টিলারি সেন্টার ও স্কুলে মুজিব ব্যাটারি কমপ্লেক্স নির্মাণ মেয়াদ : জানুয়ারি ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয় : ১৮০.০০ কোটি টাকা।	সেনাসদর, ইইনসি'র শাখা
৪.	বিএ নং-৩৪৭৫ কর্নেল নাজির আহমদ সেনাসদর, কিউএমজি'র শাখা, অরভিএন্ডএফসি পরিদপ্তর, ঢাকা।	মিলিটারি ফার্ম আধুনিকায়ন মেয়াদ : জুলাই ২০১৩ থেকে জুন ২০১৯ পর্যন্ত। প্রাক্কলিত ব্যয় : ১২৮.৯৭ কোটি টাকা।	সেনাসদর, কিউএমজি'র শাখা

২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

সিফাত মোঃ ইশতিয়াক ভূঁইয়া
সহকারী প্রধান।